আর্কাইভ
জনপ্রশাসন / কাস্টমস / ভ্যাট / বিবিধ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ............... ১৪২৪ বাং/..............., খ্রিঃ

**এসআরও নং ------আইন/২০১৭/....-মূসক।**–মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৪৬(২) এ প্রদত্ত ক্ষমতাবলে মূল্য সংযোজন কর (মূসক) পরামর্শক লাইসেন্স প্রদানের নিমিত্তে পরীক্ষা অনুষ্ঠান ইত্যাদি কার্য সম্পাদনের জন্য জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:–

০১। **সংক্ষিপ্ত শিরনামা।**– এই বিধিমালা **মূল্য সংযোজন কর পরামর্শক (লাইসেন্স) বিধিমালা, ২০১৭** নামে অভিহিত হইবে।

০২। **সংজ্ঞা।**–বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,–

(ক) **"অপরাধ"** অর্থ ভদ্রজন, দক্ষজন ও সজ্জনের জন্য শোভনীয় নয় এমন কোনো আচরণ;

(খ) **"আইন"** অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন);

(গ) **"একাডেমী"** অর্থ শুল্ক, আবগারি ও মূল্য সংযোজন কর প্রশিক্ষণ একাডেমী, চট্টগ্রাম এবং উহার অধীনস্থ অন্য কোনো দপ্তর বা শাখা;

(ঘ) **"পরামর্শক"** অর্থ এই বিধিমালার অধীনে লাইসেন্সপ্রাপ্ত মূল্য সংযোজন কর পরামর্শক;

(ঙ) **"পরামর্শক সহকারী"** অর্থ এই বিধিমালার বিধি ১৩ অনুসারে ইস্যুকৃত লাইসেন্সধারী;

(চ) **"পরামর্শক সহকারী লাইসেন্স"** অর্থ এই বিধিমালার বিধি ১৩ অনুসারে ইস্যুকৃত লাইসেন্স;

(ছ) **"মেয়াদ"** অর্থ পরামর্শক লাইসেন্স বা পরামর্শক সহকারী লাইসেন্স প্রদান করিবার পর ৫ (পাঁচ) বৎসর সময়কাল বা উহা নবায়ন করিবার পর ৫ (পাঁচ) বৎসর সময়কাল;

(জ) **"লাইসেন্স"** অর্থ এই বিধিমালার অধীনে প্রদত্ত মূল্য সংযোজন কর পরামর্শক লাইসেন্স।

০৩। **মূসক পরামর্শক লাইসেন্সের জন্য আবেদনকারীর যোগ্যতা ও অযোগ্যতা।**–(১) মূসক পরামর্শক লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীর নিম্নবর্ণিত যোগ্যতা থাকিতে হইবে, যথা:–

(ক) বাংলাদেশের নাগরিক হইতে হইবে;

(খ) আবেদনের তারিখে বয়স অন্যূন ২৫ (পঁচিশ) বৎসর হইতে হইবে; এবং

(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যেকোনো বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রীধারী অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে উত্তীর্ণ চার্টার্ড এ্যাকাউন্ট্যান্ট বা কস্ট এ্যাকাউন্ট্যান্ট অথবা শুল্ক ও মূসক বিভাগে রাজস্ব কর্মকর্তা বা তদূর্ধ্ব যেকোনো পদে চাকুরীসহ একই বিভাগে অন্যূন ১৫ (পনের) বৎসর চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে।

(২) নিম্নবর্ণিত যেকোনো ব্যক্তি মূসক পরামর্শক লাইসেন্স প্রাপ্তির জন্য অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন, যথা:–

(ক) সরকারি, আধা-সরকারী বা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরীরত বা চাকুরী হইতে অপসারিত, বরখাস্তকৃত বা বাধ্যতামূলকভাবে অবসরপ্রাপ্ত কোনো ব্যক্তি;

(খ) ফৌজদারী অপরাধে সাজাপ্রাপ্ত কোনো ব্যক্তি যাহার সাজা ভোগ শেষ হইবার পর ৫ (পাঁচ) বৎসর সময় অতিবাহিত হয় নাই; এবং

(গ) ইতঃপূর্বে যাহার মূসক পরামর্শক, ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং, ফ্রেইট ফরোয়ার্ডার্স বা আয়কর পরামর্শকের (Income Tax Practitioner) লাইসেন্স বাতিল করা হইয়াছে এমন কোনো ব্যক্তি।

০৪। **আবেদন ও প্রয়োজনীয় দলিলাদি।**–(১) বিধি ০৩ এ উল্লিখিত যোগ্যতাসম্পন্ন যেকোনো ব্যক্তি বৎসরের যেকোনো সময় এই বিধিমালার সহিত সংযুক্ত **"ফরম-ক"** তে যাহা বোর্ডের ওয়েবসাইটে (www.nbr.gov.bd) আপলোডকৃত থাকিবে, বোর্ডের নিকট আবেদন করিতে পারিবেন।

(২) উক্ত আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত দলিলাদি সংযুক্ত করিতে হইবে, যথা:–

(ক) বয়স নির্ধারণের জন্য এসএসসি বা সমমানের পরীক্ষার সত্যায়িত সনদ;

(খ) আবেদনকারীর সাম্প্রতিক সময়ের ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

(গ) সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার বা প্রযোজ্য ক্ষেত্রে, অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি;

(ঘ) জাতীয় পরিচায়পত্রের সত্যায়িত কপি;

(ঙ) পরীক্ষার ফি হিসাবে অর্থনৈতিক কোড নং ১/১১৪১/০০০০/২৬৮১ এ ৫০০/- (পাঁচ শত টাকা মাত্র) জমা প্রদানপূর্বক ট্রেজারী চালানের মূল কপি।

(৩) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরতদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে এবং লাইসেন্স প্রাপ্তির জন্য বিবেচিত হইলে লাইসেন্স গ্রহণের পূর্বেই চাকুরী হইতে ইস্তফা দিয়া ছাড়পত্র জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিতে হইবে।

০৫। **আবেদন প্রক্রিয়াকরণ।**–(১) বিধি ০৪ অনুসারে আবেদন প্রাপ্তি সত্ত্বেও পরামর্শক লাইসেন্স পরীক্ষা অনুষ্ঠানের অন্যূন ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে সম্ভাব্য প্রার্থীগণের নিকট হইতে আবেদন আহ্বান করিয়া কমপক্ষে দুটি বহুল প্রচারিত জাতীয় বাংলা পত্রিকায় বোর্ড বিজ্ঞপ্তি প্রকাশ করিতে পারিবে।

(২) আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর বোর্ড পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের তালিকা মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি বরাবর প্রেরণ করিবে এবং উহা জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করিবে।

(৩) মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি এই বিধিমালার বিধানাবলী অনুসরণ করিয়া পরীক্ষা অনুষ্ঠান করিবেন এবং মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীর এবং দাখিলকৃত দলিলাদির সত্যতা অধিকতর নিশ্চিত করিবেন।

(৪) মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি বিধি ০৬ হইতে ১০ মোতাবেক পরীক্ষা গ্রহণ করিয়া পরীক্ষা গ্রহণের ১৫ (পনের) দিনের মধ্যে ফলাফল প্রকাশ করিবেন এবং যোগ্য প্রার্থীদের একটি তালিকা বোর্ডে প্রেরণ করিবেন এবং উহা একাডেমির ওয়েবসাইটে প্রকাশ করিবেন।

(৫) বিধি ৩ এর উপ-বিধি (১) এর দফা (গ) অনুযায়ী শুল্ক ও মূসক বিভাগে রাজস্ব কর্মকর্তা বা তদূর্ধ্ব যেকোনো পদে চাকুরীসহ একই বিভাগে অন্যূন ১৫ (পনের) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন আবেদনকারী ব্যক্তিকে পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে না।

০৬। **পরীক্ষা পরিচালনা কমিটি।**–পরীক্ষা অনুষ্ঠানের নিমিত্তে মহাপরিচালক, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম একটি পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করিবেন, যাহা নিম্নরূপ হইবে:-

| ক্রমিক নং | কর্মকর্তার পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমির একজন অতিরিক্ত মহাপরিচালক | আহ্বায়ক |
| ০২. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমির একজন যুগ্ম পরিচালক | সদস্য |
| ০৩. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর উপ বা যুগ্ম কমিশনার পদমর্যাদার একজন কর্মকর্তা | সদস্য |
| ০৪. | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমির একজন সহকারি বা উপ পরিচালক | সদস্য সচিব |

০৭। **ইনভিজিলেটর, উত্তরপত্র পরীক্ষক ইত্যাদি।**–মহাপরিচালক উক্তরূপ কমিটি গঠন করিয়া উহার কার্যপরিধি নির্ধারণ করিবেন। তাহাছাড়া, তিনি পরীক্ষা অনুষ্ঠানের জন্য ইনভিজিলেটর, উত্তরপত্র পরীক্ষক ও সহায়তাকারী কর্মচারী নির্বাচন করিবেন এবং নিজ বিবেচনামতে প্রয়োজনীয় সংখ্যক সদস্য সমন্বয়ে মৌখিক পরীক্ষার বোর্ড গঠন করিয়া আদেশ জারি করিবেন। চট্টগ্রামে অবস্থিত শুল্ক, মূসক ও আয়কর বিভাগের কর্মকর্তাসহ প্রয়োজনে দেশের অন্যান্য স্থান হইতে শুল্ক, মূসক ও আয়কর বিভাগের কর্মকর্তাগণকে ইনভিজিলেটর ও উত্তরপত্র পরীক্ষক হিসাবে দায়িত্ব প্রদান করা যাইবে।

০৮। **পরীক্ষার সিলেবাস।**–পরীক্ষার সিলেবাস নিম্নরূপ হইবে:-

| | | |
|---|---|---|
| (ক)<br>(খ) | মূল্য সংযোজন কর আইন, ১৯৯১<br>মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ | ৫০ নম্বর |

| | | |
|---|---|---|
| (গ)<br>(ঘ)<br>(ঙ)<br><br>(চ)<br>(ছ) | মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২<br>মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১২<br>উক্ত আইন ও বিধিসমূহের অধীন জারিকৃত প্রজ্ঞাপন ও আদেশসমূহ<br>উন্নয়ন সারচার্জ ও লেভী (আরোপ ও আদায়) আইন, ২০১৫<br>ভ্যাট অনলাইন সিস্টেম | |
| (জ) | হিসাববিজ্ঞান: | ১০ নম্বর |
| (ঝ) | বাংলা ও ইংরেজি | ১৫ নম্বর |
| (ঞ) | Customs Act, 1969 | ১০ নম্বর |
| (ট)<br>(ঠ)<br>(ড)<br>(ঢ) | আমদানি নীতি আদেশ (যখন যেই আদেশ বলবৎ থাকিবে)<br>রপ্তানি নীতি আদেশ (যখন যেই আদেশ বলবৎ থাকিবে)<br>The Foreign Exchange Regulations Act, 1947<br>The Import and Export (Control) Act, 1950 | ১৫ নম্বর |

০৯। **প্রশ্নপত্র প্রণয়ন।**—মোট ৩ (তিন) ঘন্টা সময়ে ১০০ (একশত) নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হইবে। প্রশ্নের বিভাজন নিম্নরূপ হইবে:

| | | |
|---|---|---|
| (ক) | বহুবিধ পছন্দের প্রশ্ন (এমসিকিউ) | ১৫ নম্বর |
| (খ) | সংক্ষিপ্ত প্রশ্ন (টিকা, শূন্যস্থান পূরণ ইত্যাদি) | ৩৫ নম্বর |
| (গ) | বিস্তারিত প্রশ্ন | ৫০ নম্বর |

জাতীয় রাজস্ব বোর্ডের ভিন্নরূপ কোনো নির্দেশনা না থাকিলে মহাপরিচালক তাহার নিজস্ব পদ্ধতি ও ব্যবস্থাপনায় প্রশ্নপত্র প্রণয়ন করিতে পারিবেন।

১০। **মৌখিক পরীক্ষা।**—মৌখিক পরীক্ষা ৫০ (পঞ্চাশ) নম্বরের হইবে। মহাপরিচালক বিধি ৭ মোতাবেক ৩ হইতে ৫ সদস্যবিশিষ্ট একটি মৌখিক পরীক্ষার বোর্ড গঠন করিবেন। মহাপরিচালক উক্ত বোর্ডের সভাপতির দায়িত্ব পালন করিবেন। একাধিক মৌখিক পরীক্ষার বোর্ড গঠন করিবার প্রয়োজন হইলে মহাপরিচালক উক্তরূপে বোর্ড গঠন করিয়া জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করিবেন। সেইক্ষেত্রে কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট চট্টগ্রাম; কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা এবং কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, চট্টগ্রাম-কে প্রতিটি কমিটির আহ্বায়ক হিসাবে দায়িত্ব প্রদান করা যাইবে।

১১। **ফলাফল।**—লিখিত এবং মৌখিক উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম ৫০ শতাংশ নম্বর পরীক্ষায় উত্তীর্ণের মান হইবে। মহাপরিচালক পরীক্ষা অনুষ্ঠান সমাপ্ত করিয়া বিধি ৫(৪) মোতাবেক ব্যবস্থা গ্রহণ করিবেন।

১২। **লাইসেন্স ইস্যু।**—বোর্ড বিধি ৫(৪) মোতাবেক মহাপরিচালকের নিকট হইতে প্রাপ্ত তালিকা অনুযায়ী উত্তীর্ণ প্রার্থীগণকে বা বিধি ৩ এর উপ-বিধি (১) এর দফা (গ) অনুযায়ী আবেদনকারীকে ৫ (পাঁচ) বৎসর মেয়াদের জন্য যথাযথ নিরাপত্তা বৈশিষ্ট্য সংবলিত কার্ডে মূসক পরামর্শক লাইসেন্স প্রদান করিবে, যাহাতে নিম্নবর্ণিত তথ্যাদিও উল্লেখ থাকিবে, যথা:—

(ক) লাইসেন্সধারীর নাম, ছবি, জন্ম তারিখ, রক্তের গ্রুপ, জাতীয় পরিচয়পত্র নম্বর ও নমুনা স্বাক্ষর;
(খ) লাইসেন্স ইস্যুর ও মেয়াদ উত্তীর্ণের তারিখ; ও
(গ) লাইসেন্স প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবি।

১৩। **পরামর্শক সহকারী লাইসেন্স।**—পরামর্শক সহকারী লাইসেন্সের জন্য মূসক পরামর্শক জাতীয় রাজস্ব বোর্ড বরাবরে নিজস্ব প্যাডে আবেদন করিতে পারিবেন। আবেদনের সহিত প্রস্তাবিত পরামর্শক সহকারীর শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র, সাম্প্রতিক সময়ের ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি এবং আবেদন ফি হিসাবে অর্থনৈতিক কোড নং ১/১১৪১/০০০০/২৬৮১ এ ৩০০/- (তিনশত টাকা মাত্র) জমা প্রদানপূর্বক ট্রেজারী চালানের মূল কপি সংযুক্ত করিতে হইবে। পরামর্শক সহকারীকে ন্যূনতম এইচএসসি বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন হইতে হইবে। তিনি মূসক সংক্রান্ত মামলার শুনানিতে উপস্থিত হওয়া ব্যতীত মূসক পরামর্শকের পক্ষে অন্য সব কাজ সম্পাদন করিতে পারিবেন। একটি পরামর্শক লাইসেন্সের বিপরীতে অনূর্ধ্ব ৫ (পাঁচ)টি পরামর্শক সহকারী লাইসেন্স ইস্যু করা যাইবে। বিধি ১২ এ বর্ণিত তথ্যসম্বলিত অনুরূপ পরামর্শক সহকারী লাইসেন্স ইস্যু করিতে হইবে। পরামর্শক সহকারী লাইসেন্স ৫ (পাঁচ) বছরের জন্য বহাল থাকিবে। ৫ বছর পর উহা নবায়নের জন্য নবায়ন ফি বাবদ অর্থনৈতিক কোড নং ১/১১৪১/০০০০/২৬৮১ এ ২,০০০/- (দুই হাজার টাকা মাত্র) জমা প্রদানপূর্বক ট্রেজারী চালানের মূল কপিসহ জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করিতে হইবে। আবেদনকারীর বিরুদ্ধে

কোনো অভিযোগ না থাকিলে জাতীয় রাজস্ব বোর্ড উহা নবায়ন করিতে পারিবে। মূসক পরামর্শক লাইসেন্স স্থগিত থাকিলে উক্ত লাইসেন্সের বিপরীতে ইস্যুকৃত মূসক সহকারী লাইসেন্সসমূহ মূসক পরামর্শক লাইসেন্সের স্থগিতাদেশ প্রত্যাহার না হওয়া পর্যন্ত অকার্যকর থাকিবে এবং মূসক পরামর্শক লাইসেন্স বাতিল হইলে উক্ত লাইসেন্সের বিপরীতে ইস্যুকৃত মূসক সহকারী লাইসেন্সসমূহ আপনা-আপনিই বাতিল হইয়া যাইবে।

১৪। **মূসক পরামর্শক লাইসেন্সের মেয়াদ ও নবায়ন।**—(১) মূসক পরামর্শক লাইসেন্সের মেয়াদ হইবে উহা জারির তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর।

(২) উক্ত মেয়াদ শেষ হইবার কমপক্ষে ৬০ (ষাট) দিন পূর্বে অর্থনৈতিক কোড নং ১/১১৪১/০০০০/২৬৮১ এ ৫,০০০.০০ (পাঁচ হাজার টাকা মাত্র) নবায়ন ফি জমা প্রদান করিয়া ট্রেজারী চালানসহ **"ফরম-গ"** তে জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করিতে হইবে। তবে, উক্ত মেয়াদ শেষ হইবার ৬০ দিন পূর্বে আবেদন করা সম্ভব না হইলে ৭,০০০.০০ (সাত হাজার টাকা মাত্র) নবায়ন ফি জমা প্রদান করিয়া উক্ত মেয়াদ শেষ হইবার ৩০ দিন পূর্ব পর্যন্ত আবেদন করা যাইবে। উক্ত সময় অতিক্রান্ত হইলে ১০,০০০.০০ (দশ হাজার টাকা মাত্র) নবায়ন ফি জমা প্রদান করিয়া এক বৎসরের মধ্যে নবায়নের আবেদন দাখিল করা যাইবে। উক্তরূপ এক বৎসর সময়ের মধ্যে নবায়নের আবেদন দাখিল করা না হইলে আর নবায়ন আবেদন দাখিল করা যাইবে না - লাইসেন্সটি বাতিল করিতে হইবে।

(৩) নবায়ন আবেদনের সহিত বিগত ৫ (পাঁচ) বৎসরের কার্যক্রমের বিবরণসম্বলিত একটি পারফরমেন্স রিপোর্ট দাখিল করিতে হইবে যাহা **ভ্যাট কনসালট্যান্টস এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ** এর প্রেসিডেন্ট/সাধারণ সম্পাদক কর্তৃক প্রত্যায়িত হইতে হইবে। একই সময়ে তাহার সেবা প্রদানের বিপরীতে সরকারি কোষাগারে জমাকৃত মূসকের প্রামানিক দলিলাদি (ট্রেজারী চালান ইত্যাদি) দাখিল করিতে হইবে। তবে, যেসকল পরামর্শকগণ চাকুরী করেন তাহাদের ক্ষেত্রে চাকুরীস্থলের নিয়ন্ত্রণকারী ব্যক্তি মূল্যায়ণাধীন পরামর্শকের নিজ কার্যের উক্তরূপ পারফরমেন্স রিপোর্ট প্রদান করিবেন যাহা উক্তরূপে প্রত্যায়িত হইতে হইবে।

(৪) কোনো পরামর্শক বিধি ০৩ এর উপ-বিধি (২) এ উল্লিখিত অযোগ্যতা অর্জন করিয়া থাকিলে তাহার লাইসেন্স নবায়ন করা যাইবে না।

(৫) বোর্ড লাইসেন্সের মেয়াদ শেষ হইবার কমপক্ষে এক সপ্তাহ পূর্বে লাইসেন্স নবায়ন করিয়া লাইসেন্সধারীকে অথবা তাহার যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উহা হস্তান্তর করিবে। হস্তান্তরের সময় মেয়াদ উত্তীর্ণ লাইসেন্সটি বোর্ডের নিকট জমা প্রদান করিতে হইবে। তবে, ১০,০০০.০০ (দশ হাজার টাকা মাত্র) জমা প্রদান পূর্বক সময় অতিক্রান্ত আবেদনের ক্ষেত্রে আবেদনের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা নবায়ন করিয়া এই উপ-বিধিতে বর্ণিত পদ্ধতিতে উহা হস্তান্তর করিতে হইবে।

১৫। **মূসক পরামর্শকের দায়িত্ব।**—লাইসেন্সপ্রাপ্ত প্রত্যেক মূসক পরামর্শককে মূসকের আওতায় নিবন্ধিত হইতে হইবে এবং তাহার প্রদত্ত সেবার বিপরীতে যথাযথভাবে মূসক প্রদানসহ আইনের অন্যান্য বিধানাবলী পরিপালন করিতে হইবে। প্রত্যেক মূসক পরামর্শক আইন ও বিধি অনুসারে মূল্য সংযোজন কর এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে যথাসম্ভব সততা ও নিষ্ঠার সহিত তাহার দায়িত্ব পালন করিবেন এবং তাহার দায়িত্বের ক্ষেত্রে ইচ্ছাকৃতভাবে কোনো কর্তৃপক্ষের বা কোনো ব্যক্তির নিকট অসত্য বা বিকৃত তথ্য সরবরাহ করিবেন না বা ইচ্ছাকৃতভাবে কোনো প্রয়োজনীয় তথ্য গোপন করিবেন না বা অনুরূপ পরামর্শ প্রদান করিবেন না বা অসদাচরণ করিবেন না।

১৬। **মূসক পরামর্শকের অপরাধ ও দন্ড।**—এই বিধির বিধান লংঘন মূসক পরামর্শকের জন্য দণ্ডনীয় অপরাধ হইবে এবং সেইক্ষেত্রে বোর্ড সংশ্লিষ্ট পরামর্শককে লিখিতভাবে কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া তাহার লাইসেন্স বাতিল করিতে পারিবে এবং অনুরূপ বাতিলকরণের পূর্বে সাময়িকভাবে লাইসেন্সের কার্যকারিতা স্থগিত করিতে পারিবে। লঘু প্রকৃতির অপরাধের ক্ষেত্রে প্রতিবার অপরাধের জন্য ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা মাত্র) অর্থদণ্ড আরোপ করিয়া অপরাধ মোচন করা যাইবে। তবে, কোনো মূসক পরামর্শককে ৩ (তিন) বার এরূপ অর্থদণ্ড আরোপ করা হইলে চতুর্থবার অপরাধের ক্ষেত্রে তাহার লাইসেন্স স্থগিত বা বাতিল করিতে হইবে। কোনো লাইসেন্স স্থগিত করা হইলে স্থগিতাদেশ প্রদানের ৯০ (নব্বই) দিনের মধ্যে স্থগিতাদেশ প্রত্যাহার বা লাইসেন্স বাতিল করিবার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে। পরামর্শক সহকারী কর্তৃক অপরাধ সংঘটনের ক্ষেত্রে প্রতিবার উক্তরূপ অর্থদণ্ডের পরিমাণ হইবে ১০,০০০/- (দশ হাজার টাকা মাত্র)। তবে, পরামর্শক সহকারী কর্তৃক চতুর্থবার অপরাধ সংঘটনের ক্ষেত্রে তাহার লাইসেন্স স্থগিত না করিয়া সরাসরি বাতিল করা যাইবে।

১৭। **রহিতকরণ ও হেফাজত।**—জাতীয় রাজস্ব বোর্ডের এসআরও নং ১১৭-আইন/৯৮/১৭৮-মূসক, তারিখ: ১১ জুন, ১৯৯৮ খ্রিঃ এর মাধ্যমে জারিকৃত **মূল্য সংযোজন কর পরামর্শক (লাইসেন্স) বিধিমালা, ১৯৯৮** এবং সাধারণ আদেশ নং ০৭/মূসক/৯৯, তারিখ: ২২ এপ্রিল, ১৯৯৯ খ্রিঃ এর মাধ্যমে জারিকৃত **মূল্য সংযোজন কর পরামর্শক (লাইসেন্স) বিধিমালা, ১৯৯৮ এর অধীনে কর পরামর্শক নিয়োগ পদ্ধতি** এতদ্বারা বাতিল করা হইলো। যেই তারিখে এই বিধিমালা কার্যকর হইবে সেই তারিখের পূর্বের তারিখ পর্যন্ত কোনো কার্যক্রম পূর্বোদ্ধৃত এসআরও এবং সাধারণ

আদেশ অনুযায়ী ব্যবস্থিত হইবে। এই বিধিমালা কার্যকর হইবার তারিখ হইতে ইতোপূর্বে প্রদত্ত সকল লাইসেন্স এই বিধিমালার আওতায় ব্যবস্থিত হইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**

**ফরম-ক**

**মূসক পরামর্শক লাইসেন্সের জন্য আবেদনপত্র**
[বিধি ৪ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য]

**অংশ-১: সাধারণ তথ্য**

| | | |
|---|---|---|
| আবেদনকারীর ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা | : | |
| আবেদনকারীর করদাতা সনাক্তকরণ সংখ্যা | : | |
| আবেদনকারীর নাম | : | |
| আবেদনকারীর জন্ম তারিখ | : | |
| আবেদনকারীর জাতীয়তা | : | |

**অংশ-২: আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা**

| | | |
|---|---|---|
| আবেদনকারীর অর্জিত সর্বশেষ ডিগ্রি | : | |
| শিক্ষা প্রতিষ্ঠান | : | |

**অংশ-৩: আবেদনকারীর যোগ্যতা**

নিম্নবর্ণিত তথ্যসমূহের মধ্যে আপনার জন্য প্রযোজ্যটিতে টিক (✓) চিহ্ন দিন। প্রযোজ্য না হইলে পরিহার করুন।

(ক) সরকার বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরিরত ব্যক্তি কিনা

(খ) কোনো চাকুরি হইতে অপসারিত বা বরখাস্তকৃত কি-না?

(গ) কোনো ফৌজদারী অপরাধে সাজাপ্রাপ্ত কি-না? সাজাপ্রাপ্ত হইলে সাজা ভোগের পর ৫ (পাঁচ) বৎসর সময় অতিবাহিত হইয়াছে কি-না (সাজার কারণ, ধরণ ও সাজা প্রদানকারী কর্তৃপক্ষ বিষয়ে বিস্তারিত বিবরণসহ)?

(ঘ) ইতঃপূর্বে তাহার মূসক পরামর্শক, ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং, ফ্রেইট ফরোয়ার্ডার্স বা আয়কর পরামর্শকের লাইসেন্স বাতিল করা হইয়াছে কিনা?

**অংশ-৪: আবেদনের জন্য প্রয়োজনীয় দলিলাদি**

| | | | |
|---|---|---|---|
| (ক) | বয়স নির্ধারণের জন্য এসএসসি বা সমমানের পরীক্ষার সনদ; | : | |
| (খ) | পাসপোর্ট আকারের ছবি; | | |
| (গ) | সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সনদের কপি; | | |
| (ঘ) | জাতীয় পরিচয়পত্রের কপি; | | |
| (ঙ) | পরীক্ষার ফি হিসাবে জমাকৃত ট্রেজারী চালান; | | |
| (চ) | অংশ ৩ এর সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি: | | |

**অংশ-৫: ঘোষণা**

আমি ঘোষণা করিতেছি যে, এই আবেদনে প্রদত্ত তথ্য সর্বোতভাবে সত্য ও নির্ভুল।

নাম :

ঠিকানা :

---

ফরম-খ

মূল্য সংযোজন কর পরামর্শক লাইসেন্স নবায়নের আবেদন
(বিধি-১৪ উপ-বিধি (২) দ্রষ্টব্য)

১। আবেদনকারীর নামঃ

২। পিতা/স্বামীর নামঃ

৩। বর্তমান ঠিকানাঃ

৪। স্থায়ী ঠিকানাঃ

৫। জন্ম তারিখঃ

৬। মূসক পরামর্শক লাইসেন্স নং . . . . ইস্যুর তারিখঃ . . . . . .

৭। ইস্যুর তারিখ হইতে যে তারিখে ৫ (পাঁচ) বৎসর পূর্ণ হইবে :

৮। ট্রেজারী চালান নং....... তারিখঃ ................. টাকার পরিমাণ ................

৯। লাইসেন্স ইস্যু করার পর তথ্যে কোনো পরিবর্তন হইয়া থাকিলে তাহার বিবরণঃ

১০। (ক) লাইসেন্স প্রাপ্তির পর আপনি ফৌজদারী অপরাধে সাজাপ্রাপ্ত হইয়াছেন কি-না; এবং
(খ) লাইসেন্স প্রাপ্তির পর আপনার ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং, ফ্রেইট ফরোয়ার্ডার্স বা আয়কর পরামর্শকের (Income Tax Practitioner) লাইসেন্স বাতিল করা হইয়াছে কি-না।

১১। এই আবেদনে বর্ণিত সকল তথ্য সত্য ও সঠিক।

তারিখঃ.........................

আবেদনকারীর স্বাক্ষর ও সীল

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

মোঃ নজিবুর রহমান
সিনিয়র সচিব